দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 AUG 2007 ... পৃষ্ঠা ১ কলাম ১

# ঢাবির ঘটনা তদন্তে বিচার বিভাগীয় কমিশন গঠন ঃ ১৫ কার্যদিবসের মধ্যে রিপোর্ট দাখিল

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ২০ আগস্ট সংঘটিত অপ্রীতিকর ঘটনা তদন্তে সরকার সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি মোঃ হাবিবুর রহমান খানের নেতৃত্বে এক সদস্যবিশিষ্ট বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করেছে। তদন্ত কমিশনকে ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছে।

২০ আগস্ট ও তার পরবর্তী ঘটনার কারণে ইতোমধ্যে কয়েকজনকে আটক করা হয়েছে। আটককৃতদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। কারো বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হলে তাকে অবশ্যই মুক্তি দেয়া হবে। সাম্প্রতিক বিশৃঙ্খলা সৃষ্টির জন্য ঢাকা মহানগরীর কয়েকটি থানায় অজ্ঞাতনামা ব্যক্তিদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। সরকার সুস্পষ্টভাবে উল্লেখ করতে চায় যে, সুনির্দিষ্ট অভিযোগ ও তথ্য-প্রমাণ ছাড়া কাউকে গ্রেফতার বা হয়রানি করা হবে না।

- সুনির্দিষ্ট অভিযোগ ছাড়া কাউকে গ্রেফতার বা হয়রানি করা হবে না
- কারফিউকালে সাংবাদিকদের সঙ্গে অনাকাঙ্ক্ষিত ঘটনায় সরকারের গভীর দুঃখ প্রকাশ

সরকার এ মর্মে নিশ্চিত করতে চায় যে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পবিত্রতা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ রাখার বিষয়ে সরকার সব সময় সজাগ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের এ বিষয়ে সকল প্রকার সহায়তা প্রদান করতে (৪র্থ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ঢাবির ঘটনা তদন্তে

(প্রথম পৃঃ পর)

সরকার দৃঢ়প্রতিজ্ঞ। ২২ আগস্ট রাতে কারফিউ জারির পরবর্তী সময়ে ঢাকাসহ দেশের কোন কোন এলাকায় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক, সরকারি কর্মকর্তা-কর্মচারি এবং অন্যান্য শ্রেণী-পেশার জনগণের সাথে পুলিশ ও অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর কারফিউ পাস ও অন্যান্য বিষয়ে বচসাসহ অপ্রীতিকর ঘটনা ঘটে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার জন সরকার গভীর দুঃখ প্রকাশ করেছে। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সরকার প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করেছে। -তথ্য বিবরণী